

সিনিয়র সিস্টেম এনালিস্ট

- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
- সংযোগ ই-১/ ই-২
- অধিকারী

তাইরি নং ২৮২

তারিখ ২৫০৬.২২

নং-৩৫.০০.০০০০.০০৮.৩১.০৫.১৫-১৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

প্রশাসন শাখা

[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

অতি: জরুরি

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯  
২২ আগস্ট ২০২২

বিষয় : কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জালানী, খাদ্য ও নিয়ন্ত্রণের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাময়িক ও কৃচ্ছতা সাধন সংক্রান্ত সরকারি নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।

সূত্র :

- ১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৬৯.৪৬.০০৮.২০২০-৮৩, তারিখ: ২১-০৭-২০২২;
- ২) এ বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.৩১.০০২.১১-৮৯৯, তারিখ: ২৮-০৭-২০২২;
- ৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০০.২৬৯০.০৮২.০৪৬.০৭৬.২০২২-১৫, তারিখ: ০৮-০৮-২০২২।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ ০৩ নং স্মারকে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জালানী, খাদ্য ও নিয়ন্ত্রণের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাময়িক ও কৃচ্ছতা সাধন সংক্রান্ত সরকারি নির্দেশনাসহ যথাযথভাবে প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোহাম্মদ লিয়াকত আলী খান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ২২৩৩৯০৮০০, ফ্যাক্স: ৯৫৮৫১০৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। অভিযন্ত্রিক সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। নির্বাহী পরিচালক, ডিটিসি, নগর ভবন, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজটক এভিনিউ, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইক্সটেন্ড, ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ি-০৮, রোড-২১, সেক্টর-০৮, উত্তরা, ঢাকা।
- ০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১১। উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৩। সিনিয়র সহকারী সচিব (সকল)/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৪। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ১৫। তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ১৬। সহকারী সচিব (সকল)/প্রোগ্রামার/মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/সহ: মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৭। হিসাববরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৮। প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)/সহকারী হিসাববরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৯। তয়/৪ৰ্থ প্রেরিত কর্মচারী (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে  
নির্দেশনা প্রদানের অনুরোধসহ

তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে  
নির্দেশনা প্রদানের অনুরোধসহ

অনুলিপি:



মন্ত্রিবৰ্ক সংক্ষিপ্ত

পত্র সংখ্যা ০৩০০ ২৬৯০.০৮২.০৮৬.০৭৬.২০২২-১৫

অভিযোগ সংক্ষিপ্ত  
অভিযোগ সংক্ষিপ্ত (ভৌগোলিক)  
অভিযোগ সংক্ষিপ্ত (একেন্ট)  
অভিযোগ সংক্ষিপ্ত (বাজেট)  
অভিযোগ সংক্ষিপ্ত (ভৌগোলিক)  
অভিযোগ সংক্ষিপ্ত (প্রযোজন)  
অভিযোগ সংক্ষিপ্ত (গৃহস্থ)

বিষয়ঃ ৬০৫৭  
তারিখ ১৭ AUG ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢাকা

প্রশাসন অনুবিভাগ	
প্রশাসন অধিশাখা	
প্রশাসন শাখা	
বিআরচিসি শাখা	
তদন্ত ও শুল্কনা শাখা	
কাউন্সিল অফিসার	
আইসিটি ইউনিট	
	তারিখ
ডাইরেক্টর: ৫০১৮	২৪ শ্রাবণ ১৪২৯
তারিখ: ২১।০৮।২০২২	৮ আগস্ট ২০২২
	বাক্স



মুজিব  
শতবর্ষ

কোডিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জালানী, খাদ্য ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাশ্রয় ও কৃষ্ণতা সাধন সংক্রান্ত সরকারি নির্দেশনা পরিপালন ও অন্যান্য প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোডিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত, চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জালানী, খাদ্য ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে সকল পর্যায়ে ব্যয়-সাশ্রয় ও কৃষ্ণতা সাধনের বিষয়ে বিভিন্ন সময়ে সরকারি নির্দেশনা জারি করা হয়েছে। অন্যদিকে চাহিদানুযায়ী খাদ্যদ্রব্য, নিত্যপণ্য, সার, বীজ, কীটনাশক, বালাইনাশক ও কৃষি-উপকরণসহ অন্যান্য সামগ্রীর সরবরাহ ও ন্যায্যমূল্য নিশ্চিত করতে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। জনকল্যাণে সরকারের এ সকল নির্দেশনা ও পদক্ষেপ সর্বস্তরে কার্যকরভাবে বাস্তবায়ন করা জরুরী।

০২। এ লক্ষ্যে নিম্নোক্ত ক্ষেত্রসমূহে সামগ্রিক-অর্থে ব্যয়-সাশ্রয় ও কৃষ্ণতা সাধনের বিষয়ে গৃহীত ব্যবস্থা অধিকতর জোরদার করা প্রয়োজনঃ

- ক) অর্থ বিভাগের ২১ জুলাই ২০২২ তারিখে জারিকৃত নির্দেশনানুযায়ী সকল সরকারি দপ্তরে বিদ্যুতের ব্যবহার ২৫% বা ততোধিক কমিয়ে আনার বিষয়ে কার্যকর ব্যবস্থা জোরদার করতে হবে। এক্ষেত্রে, বিদ্যুৎ অপব্যবহারের ক্ষেত্রসমূহ (যেমন: প্রাথিকারের বাইরে শীতাতপ যন্ত্রের ব্যবহার, অপ্রয়োজনীয় বিদ্যুৎ-বাতি প্রচ্ছলন, গিজার, বৈদ্যুতিক কেটলি, বৈদ্যুতিক সরঞ্জামের অধিক/ অপ্রয়োজনীয় ব্যবহার ইত্যাদি) চিহ্নিত করে বিদ্যুৎ-সাশ্রয়ের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। সারাদেশে বিভিন্ন সামাজিক অনুষ্ঠান, কমিউনিটি সেন্টার, দোকান-পাট, অফিস ও বাসাবাড়িতে আলোকসজ্জা না করা সংক্রান্ত সরকারি নির্দেশনা মেনে চলার বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- খ) জালানীর ব্যবহার ২০% বা ততোধিক কমিয়ে আনার ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা চলমান রাখতে হবে। এক্ষেত্রে সরকারি বরাদ্দকৃত জালানীর অপব্যবহার (যেমন: অগুরুত্বপূর্ণ কাজে সরকারি গাড়িযোগে ভ্রমণ, ব্যক্তিগত কাজে বিধি-বহির্ভূতভাবে সরকারি গাড়ির ব্যবহার, প্রাথিকার বহির্ভূত সরকারি গাড়ি বরাদ্দ ইত্যাদি) রোধকল্পে দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- গ) বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ১১৪ ধারার বিধান যথাযথভাবে পরিপালনপূর্বক সারাদেশে রাত ৮:০০ টার মধ্যে দোকান, শপিংমল, মার্কেট, বিপণি-বিতান, কাঁচা-বাজার ইত্যাদি বন্ধ করার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে আইনের যথাযথ প্রয়োগ অব্যাহত রাখতে হবে;
- ঘ) বৈদেশিক ভ্রমণের ক্ষেত্রে সরকারি বিধি-নিষেধ অনুপৰ্যুক্ত অনুসরণ করতে হবে। এক্ষেত্রে, এক্সপোজার ভিজিট/ স্ট্যাড ট্র্যাভ/ এপিএ/ ইনোভেশনের আওতাভুক্ত ভ্রমণ এবং প্রশিক্ষণ/ ওয়ার্কশপ ও সেমিনারে অংশগ্রহণ - ইত্যাদিসহ সমরূপ সকল বৈদেশিক ভ্রমণ যথাসম্ভব পরিহার করতে হবে;

- ঙ) খাদ্যদ্রব্য ও নিত্যপণ্যের কৃত্রিম সংকট তৈরি, মজুদদারি ও মূল্যবৃদ্ধিসহ যেকোন অপতৎপরতা রোধকল্পে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইসাথে সার, বীজ, কীটনাশক, বালাইনাশক ও অন্যান্য কৃষি উপকরণের চাহিদানুযায়ী সরবরাহ নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- চ) আসন্ন আমন ও রবি মৌসুমের প্রস্তুতিকালে কৃষক পর্যায়ে সার, বীজ, কীটনাশক, বালাইনাশকসহ অন্যান্য কৃষি উপকরণের সহজ প্রাপ্তি নিশ্চিত করতে জোরদার মনিটরিং ব্যবস্থা গড়ে তুলতে হবে। এ সকল পণ্যের কৃত্রিম সংকট তৈরি বা মূল্যবৃদ্ধির যেকোন অপপ্রয়াস রোধকল্পে সার্বক্ষণিকভাবে সর্তক থাকতে হবে এবং আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে।

৩০। উপরোক্ত ক্ষেত্রসমূহ ছাড়াও বিদ্যমান পরিস্থিতিতে সামগ্রিক অর্থে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছতা সাধনে সরকারের নির্দেশনাসমূহ অনুপুঙ্গ পরিপালনপূর্বক সামষ্টিক উদ্যোগে যথাযথ কর্মপরিকল্পনা প্রণয়ন করে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ তোফাজ্জল হোসেন মিয়া)

সিনিয়র সচিব

প্রধানমন্ত্রীর কার্যালয়

১. সিনিয়র সচিব/ সচিব

..... (সকল)

[তাঁর আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ]

২. বিভাগীয় কমিশনার

..... (সকল)

৩. জেলা প্রশাসক

..... (সকল)

পত্র নং- ০৩.০০.২৬৯০.০৮২.০৪৬.০৭৬.২০২২-১৫

২৪ শ্রাবণ ১৪২৯

৮ আগস্ট ২০২২

### অনুলিপি৪ জ্ঞাতার্থে

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)]

০২. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

০৩. মহাপরিচালক (সকল)/ প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

০৪. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

০৫. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

মোঃ আহমেদ আলোচনা চাচা ২০২২  
(মোঃ আহমাদ কিবরিয়া সিদ্দিকি)

মহাপরিচালক (প্রশাসন)

ফোনঃ +৮৮-০২-৫৫০২৯৫০০

ই-মেইলঃ dg4@pmo.gov.bd